

হাদীছ অর্থ কী, হাদীছ বলতে কি বুঝায়?

হাদীছ শব্দের শাব্দিক অর্থ হলো- নতুন। এর বহুবচন হলো- আহাদীছ।

পারিভাষিক অর্থে রাছুলুল্লাহ ﷺ থেকে যা কিছু কথা, কাজ ও বিভিন্ন কথা-কাজের প্রতি তাঁর সমর্থন এবং তাঁর দৈহিক ও চারিত্রিক গুণাবলী সম্পর্কে যা কিছু বর্ণিত হয়েছে তাকে হাদীছ বলে।

(এক কথায় বলা যায়, রাছুলুল্লাহ ﷺ যা কিছু বলেছেন, যা কিছু করেছেন, যা কিছুর প্রতি তাঁর অনুমোদন ও সমর্থন প্রকাশ পেয়েছে এবং তাঁর দৈহিক বিবরণ ও চারিত্রিক গুণাবলী সম্পর্কে যা কিছু বর্ণিত হয়েছে, সে সব কিছুকেই হাদীছ বলে।

আছার কাকে বলে?

আছার শব্দের শাব্দিক অর্থ হলো- কোন বিষয় বা বস্তুর অবশিষ্টাংশ। এর বহুবচন হলো- “আ-ছা-র”।

পারিভাষিক অর্থে- শারী‘য়াত বিষয়ে সাহাবায়ে কিরাম ﷺ থেকে যা কিছু কথা ও কাজ বর্ণিত বা উদ্ধৃত হয়েছে তাকে আছার বলা হয়। তবে কেউ কেউ বলেছেন যে, হাদীছ এবং আছার- একটি অপরটির সমার্থক ও প্রতিশব্দ।

খাব্র কাকে বলে?

খাব্র শব্দের শাব্দিক অর্থ হলো- সংবাদ। এর বহুবচন হলো- আখবার। পারিভাষিক অর্থে কেউ কেউ বলেছেন যে, খাব্র এবং হাদীছ একই বিষয় এবং এ দু’টি একটি অপরটির সমার্থক বা প্রতিশব্দ। আবার কেউ কেউ বলেছেন যে, খাব্র এবং হাদীছ দু’টি ভিন্ন ভিন্ন বিষয়। হাদীছ হলো- যা কিছু রাছুলুল্লাহ ﷺ থেকে কিংবা রাছুল ﷺ সম্পর্কে বর্ণিত বা উদ্ধৃত, আর খাব্র হলো যা কিছু রাছুল ﷺ ব্যতীত অন্য কারো থেকে উদ্ধৃত বা বর্ণিত। আর কেউ কেউ বলেছেন যে, হাদীছ হলো যা শুধুমাত্র রাছুল ﷺ থেকে বর্ণিত, আর খাব্র হলো যা রাছুল ﷺ কিংবা অন্য যে কারো থেকে বর্ণিত।

সূত্র:- আশ্ শাইখ ‘আব্দুল কারীম মুরাদ (رحمته الله عليه) ও আশ্ শাইখ ‘আব্দুল মুহ্বিন আল ‘আব্বাদ (رحمته الله عليه) সংকলিত পুস্তিকা “মিন আত্বইয়াবিল মানহি ফী ‘ইলমিল মুসত্বালাহ”- মাদীনা ইছলামী বিশ্ববিদ্যালয় প্রকাশনী।